

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৪৮২

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَنْ الْوَلِيدِ بْنِ عَقِبَةَ قَالَ: لَمَّا فَتَحَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَكَّةَ جَعَلَ أَهْلُ مَكَّةَ يَأْتُونَهُ بِصَبْيَانِهِمْ فَيَدْعُو لَهُمْ بِالْبُرْكَاتِ وَيَمْسَحُ رُؤُوسَهُمْ فَجِيءَ بِي إِلَيْهِ وَأَنَا مُخَلَّقٌ فَلَمْ يَمَسَّنِي مِنْ أَجْلِ الْخَلْقِ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৪৪৮২-[৬৪] ওয়ালীদ ইবনু 'উকবাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কা জয় করলেন, তখন মক্কাবাসীরা তাদের ছোট ছোট বাচ্চাদেরকে তাঁর খিদমাতে আনতে শুরু করে আর তিনি তাদের জন্য বারাকাতের দু'আ করতেন এবং তাদের মাথায় হাত বুলিয়ে দিতেন। (বর্ণনাকারী) ওয়ালীদ বলেন, আমাকেও তাঁর খিদমাতে আনা হলো, সে সময় আমার গায়ে খলুক সুগন্ধি মাখা ছিল। সে (রঙিন) খলুক সুগন্ধির দরুন তিনি আমাকে স্পর্শ করেননি। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] মুনকার য'ঈফ : আবু দাউদ ৪১৮১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৮৬২।

হাদীসটি মুনকার য'ঈফ হওয়ার কারণ হলো এর সনদে আছে “আবদুল্লাহ আল হামদানী”, আর ইনিই হলেন আবু মূসা। ইনি একজন অপরিচিত বর্ণনাকারী। দেখুন- তাহক্বীক মুসনাদে আহমাদ- শু'আয়ব আরনাউত্ব : ১৬৪২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মক্কা বিজয় করেন তখন মক্কাবাসীরা তাদের শিশুদেরকে তাঁর নিকট আনতে শুরু করল এবং তিনি তাদের শিশুদের জন্য অথবা শিশুদের কারণে মক্কাবাসীদের জন্য বারাকাতের দু'আ করলেন ও তাদের মাথায় হাত বুলিয়ে দিলেন। বর্ণনাকারী ওয়ালীদ বলেনঃ আমাকেও তার নিকট আনা হলো, খলুক তথা যা'ফরান মিশ্রিত সুগন্ধি মাখানো অবস্থায়, ফলে তিনি খলুকের কারণে আমাকে

স্পর্শ করলেন না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে স্পর্শ করা থেকে বিরত থাকলেন। কেননা এটা ছিল মহিলাদের সুগন্ধি। যাতে স্পর্শ করার ফলে মহিলাদের সাদৃশ্য অনুকরণ করা না হয়। কেননা পুরুষদের জন্য মহিলাদের সাদৃশ্য ধারণ করা হারাম। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ওয়ালীদ ইবনু 'উকবাহ্ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75206>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন